

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের কপি।
২। পূর্বের অনুমোদিত দরের কপি।
৩। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

Name of Work: Repairing Maintenance of Office Furniture of Saidabad WTP.

০১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৩ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। সাপাশো ফেজ-১ ও ২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। বর্তমানে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ নামে দুইটি শোধনাগার এবং প্রায় ৪৬ কিলোমিটার পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। শোধনাগার দুইটি অতীব গুরুত্বপূর্ণ কেপিআই ভুক্ত একটি জাতীয় স্থাপনা। অত্র প্রকল্পে প্রায়শই বিভিন্ন মেডিক্যাল কলেজ, বিশ্ববিদ্যালয়, বিদেশী অতিথি, দাতা সংস্থার প্রতিনিধিবর্গ, সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তাসহ বিভিন্ন ধরনের অতিথি কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ভিজিট করে থাকেন। অত্র শোধনাগারে অবস্থিত প্রশাসনিক ভবনে সায়েদাবাদ পানি শোধনাগার রক্ষণাবেক্ষণ অফিস আছে। উক্ত অফিস কক্ষে সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী এবং ইউডিএ সহ অন্যান্য অফিস স্টাফ অফিস করে। অফিস কক্ষের বিদ্যমান কিছু ফার্নিচার যেমন টেবিল, চেয়ার, ডায়ার ইউনিট এবং ভিজিটর চেয়ার দীর্ঘদিন ব্যবহারের ফলে বিভিন্ন অংশ ক্ষয় প্রাপ্ত হয়ে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। যার ফলে অফিসের সৌন্দর্য এবং কর্ম পরিবেশ বিঘ্নিত হচ্ছে। বিভাগীয় কাজের গতি হাস পাচ্ছে। তাই জরুরী ভিত্তিতে অফিসের ব্যবহৃত ফার্নিচার গুলোর কিছু মেরামত কাজ করে ব্যবহার উপযোগী করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে ফার্নিচার গুলো মেরামতের জন্য পূর্বের অনুমোদিত দরের আলোকে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যার টাকার পরিমাণ টাঃ ২৪,৭৬০.০১২ (চব্বিশ হাজার সাতশত ষাট দশমিক শূন্য এক দুই) টাকা মাত্র।

১.১। আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৮১(১) ধারা অনুসারে সরাসরি নগদ ক্রয় (DCP) পদ্ধতিতে বর্ণিত কাজটি সম্পাদনের জন্য অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজটি বার্ষিক ক্রয় পরিকল্পনার Emergency and Unforeseen Procurement হিসাবে অন্তর্ভুক্ত করা হবে। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর অনুকূলে বরাদ্দকৃত ২০২৫-২৬ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের Furniture Maintenance কোড নং-(০১-০২-০২৪) খাত হতে নির্বাহ করা হবে।


১.২। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.১ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে, "Repairing Maintenance of Office Furniture of Saidabad WTP." শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নে বর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) উল্লিখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৮১(১) ধারা অনুসারে সরাসরি নগদ ক্রয় (DCP) পদ্ধতিতে বর্ণিত কাজটি সম্পাদনের জন্য আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ২৪,৭৬০.০১২ (চব্বিশ হাজার সাতশত ষাট দশমিক শূন্য এক দুই) টাকার অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর অনুকূলে বরাদ্দকৃত ২০২৫-২৬ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের Furniture Maintenance কোড নং-(০১-০২-০২৪) খাত হতে নির্বাহ করার অনুমোদন।


উল্লেখ্য যে, উক্ত প্রাক্কলনটি প্রধান প্রকৌশলীর মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


২৪/৭/২৫
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।
SE (WSTPC)


২৪/০৭/২৫
মোঃ শফিউল আলম
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


২৪-০৭-২৫
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


২৪.০৭.২৫
মির্জা গোশাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।


২৪/০৭/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাখারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।